(ঙ) ঔপন্যাসিক সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(চ) ঔপন্যাসিক হিসেবে স্বর্ণকুমারী দেবীর মূল্যায়ন করো।

৩। (ক) অথবা (খ)-এর মধ্যে *একটি* এবং (গ) অথবা (ঘ)-এর মধ্যে *একটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) বাংলা নাটকের ইতিহাসে রামনারায়ণ তর্করত্নের ভূমিকা আলোচনা করো।

*অথবা*

(খ) নাট্যকার দীনবন্ধু মিত্রের কৃতিত্ব আলোচনা করো।

(গ) উনিশ শতকে বাংলা ছোটোগল্পের উদ্ভব ও বিকাশের ক্রমপর্যায়টি আলোচনা করো।

*অথবা*

(ঘ) ঔপন্যাসিক রমেশচন্দ্র দত্তের প্রতিভার মূল্যায়ন করো।

———

# B.A. 5th Semester (Honours) Examination, 2022 (CBCS)

## বিষয় : বাংলা (সাম্মানিক)

## Course : DSE-2

## (উনিশ শতকের বাংলা নাটক ও কথাসাহিত্য)

সময় : ৩ ঘণ্টা　　　　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান : ৬০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

১। নিম্নলিখিত *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও :　　　　　　　　২×১০=২০

(ক) 'বেঙ্গলী থিয়েটার' কবে, কোথায় প্রতিষ্ঠা করা হয়েছিল?

(খ) 'কীর্তিবিলাস' ও 'ভানুমতী-চিত্তবিলাস' নাটকদুটির রচয়িতার নাম লেখো।

(গ) কালীপ্রসন্ন সিংহ অনূদিত দুটি পৌরাণিক নাটকের নাম লেখো।

(ঘ) বেলগাছিয়া নাট্যশালা কবে প্রতিষ্ঠিত হয়? ওই নাট্যশালায় অভিনীত প্রথম নাটকটির নাম লেখো।

(ঙ) 'শর্মিষ্ঠা' কার লেখা নাটক? মহাভারতের কোন কাহিনি এই নাটকের উৎস?

(চ) 'নীলদর্পণ' নাটকের ইংরেজি অনুবাদের নাম কী? নাটকটির অনুবাদ প্রথম কে করেছিলেন বলে অনুমান?

(ছ) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের দুটি ইতিহাসাশ্রয়ী রোমান্টিক নাটকের নাম লেখো।

(জ) উনিশ শতকে লেখা দুটি রবীন্দ্রনাটকের নাম প্রকাশকালসহ লেখো।

(ঝ) 'মধুমতী' গল্পের লেখক কে? বাংলা সাহিত্যে এর গুরুত্ব কোথায়?

(ঞ) 'গল্পস্বল্প' এবং 'ললিত ও সৌদামিনী' কার কার রচনা উল্লেখ করো।

(ট) বঙ্কিমচন্দ্রের লেখা দুটি সামাজিক উপন্যাসের নাম উল্লেখ করো। তাঁর লেখা শেষ উপন্যাসের নাম কী?

(ঠ) 'জীবনপ্রভাত' ও 'জীবনসন্ধ্যা' উপন্যাসদুটির লেখক কে? রচনাদুটির প্রকাশকাল লেখো।

(ড) 'বঙ্গাধিপ পরাজয়' কার লেখা উপন্যাস? তাঁর লেখা অন্য একটি উপন্যাসের নাম লেখো।

(ঢ) 'মৃণ্ময়ী' উপন্যাসের লেখক কে? এটি কোন বিখ্যাত উপন্যাসের উপসংহার?

(ণ) উনিশ শতকের ঔপন্যাসিক শিবনাথ শাস্ত্রী ও ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের লেখা একটি করে উপন্যাসের নাম লেখো।

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও :　　　　　　　　৫×৪=২০

(ক) দ্বিজেন্দ্রলাল রায় রচিত ঐতিহাসিক নাটকগুলির বিশেষত্ব আলোচনা করো।

(খ) প্রহসন রচয়িতা জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের মূল্যায়ন করো।

(গ) সামাজিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের নাট্যপ্রতিভার পরিচয় দাও।

(ঘ) ছোটোগল্পের সংজ্ঞা ও বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

(ঘ) ভাবোচ্ছ্বাসবর্জিত, যুক্তিনির্ভরতা ভূদেব মুখোপাধ্যায়ের প্রবন্ধের প্রধান বৈশিষ্ট্য—আলোচনা করো।

(ঙ) রঙ্গলালের কাব্যে স্বদেশ প্রেমের সবিশেষ প্রকাশ ঘটেছে—মন্তব্যটির ইতিবাচকতা তুলে ধরো।

(চ) আখ্যানকাব্য রচয়িতা হিসেবে নবীনচন্দ্র সেনের মূল্যায়ন করো।

৩। (ক) অথবা (খ)-এর মধ্যে একটি এবং (গ) অথবা (ঘ)-এর মধ্যে একটি করে মোট *দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) বাংলা আখ্যানকাব্য ধারায় হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের অবদান তুলে ধরো।

*অথবা*

(খ) উনিশ শতকের বাংলা আখ্যানকাব্যের ধারাটির উদ্ভবের প্রেক্ষাপট বিশ্লেষণ করো।

(গ) কামিনী রায়ের কাব্যবৈশিষ্ট্য আলোচনা করো।

*অথবা*

(ঘ) প্রাবন্ধিক অক্ষয়কুমার দত্তের প্রবন্ধগুলির বিশেষত্বের পরিচয় দাও।

---

# B.A. 5th Semester (Honours) Examination, 2022 (CBCS)

## বিষয় : বাংলা (সাম্মানিক)

## Course : DSE-1

## (উনিশ শতকের বাংলা কাব্য ও প্রবন্ধ)

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

১। যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) আখ্যানকাব্য কাকে বলে? যে-কোনো একটি আখ্যানকাব্যের উদাহরণ দাও।

(খ) 'ত্রয়ীকাব্য' কোনগুলি? ত্রয়ী কাব্যের কবির নাম উল্লেখ করো।

(গ) 'পদ্মিনী উপাখ্যান'—কে রচনা করেন? এর প্রকাশকালটি লেখো।

(ঘ) প্রকাশকালসহ বিহারীলাল চক্রবর্তীর দুটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।

(ঙ) উনিশ শতকের একজন মহিলা কবির নাম লেখো। তাঁর একটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।

(চ) স্বামী বিবেকানন্দের দুটি প্রবন্ধ গ্রন্থের নাম লেখো।

(ছ) 'স্বপ্নলব্ধ ভারতবর্ষের ইতিহাস'—কার লেখা? রচনাটির প্রকাশকাল উল্লেখ করো।

(জ) 'স্বপ্নপ্রয়াণ' এবং 'অবকাশরঞ্জিনী'—রচনাদুটির প্রকাশকালসহ রচয়িতার নাম উল্লেখ করো।

(ঝ) গিরীন্দ্রমোহিনী দাসী রচিত দুটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।

(ঞ) 'আলেখ্য' কার রচনা? রচয়িতার অন্য একটি কাব্য সংকলনের নাম লেখো।

(ট) সংক্ষেপে 'এষা' কাব্যটির বিষয়বস্তু তুলে ধরো।

(ঠ) সহমরণ প্রথার বিরোধিতা করে রামমোহন রায়ের লেখা দুটি প্রবন্ধের নাম লেখো।

(ড) বঙ্কিমচন্দ্র রচিত দুটি সমাজসমস্যামূলক প্রবন্ধের নাম লেখো। প্রবন্ধ দুটি কোন গ্রন্থের অন্তর্গত তা উল্লেখ করো।

(ঢ) 'সোনার তরী'—কাব্য সংকলনটির প্রকাশসালটি লেখো। এই কাব্য সংকলনের অন্তর্গত দুটি কবিতার নাম উল্লেখ করো।

(ণ) স্বর্ণকুমারী দেবী এবং গোবিন্দচন্দ্র দাসের একটি করে কাব্যগ্রন্থের নাম লেখো।

২। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) সংক্ষেপে উনিশ শতকীয় গীতিকবিতার আঙ্গিকগত বৈশিষ্ট্যগুলি লেখো।

(খ) মানকুমারী বসুর গীতিকাব্যিক প্রতিভার মূল্যায়ন করো।

(গ) গীতিকবি দেবেন্দ্রনাথ সেনের কাব্যবৈশিষ্ট্য আলোচনা করো।

৫×৪=২০

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও :

(ক) ধ্বনি কয়প্রকার ও কী কী? কোন ধ্বনিটি আলংকারিকদের মতে শ্রেষ্ঠ এবং কেন?

(খ) শব্দ ও অর্থ দু-রকম অলংকার থাকলেও বাক্য কাব্য হয় না, আবার অনলংকৃত বাক্যও শ্রেষ্ঠ কাব্য হয়েছে— এর উদাহরণ অতুলচন্দ্র গুপ্ত 'কাব্যজিজ্ঞাসা'-য় দিয়েছেন, তাঁর অভিমত অনুসরণ করে বক্তব্য দুটি স্পষ্ট করো।

(গ) রসশাস্ত্রে সঞ্চারীভাবের বিষয়টি ব্যাখ্যা করে বুঝিয়ে দাও।

(ঘ) 'এ অবস্থায় কোন মুখে বলিব যে হিন্দুর সহিত মুসলমানের বিবাদ?'—লেখকের বক্তব্য অনুসরণে হিন্দু-মুসলমানের সহযোগের চিত্রটি নিজের ভাষায় লেখো।

(ঙ) খাঁটি ব্রত অনুষ্ঠানের প্রক্রিয়া এবং শাস্ত্রীয় ব্রত অনুষ্ঠানের প্রক্রিয়ার মধ্যে যে পার্থক্য আছে তা প্রাবন্ধিক-কে অনুসরণ করে লেখো।

(চ) 'জোড়াতালি দিয়ে দু-দিক-ই বজায় রাখার চেষ্টা—সেটাই আজকালকার মানুষের বাঁচার উপায়'—এই বক্তব্যে জীবনের বৈপরীত্যের যে ছবি আছে তা নিজের ভাষায় লেখো।

১০×২=২০

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) 'এক আর্থিক স্বাবলম্বন দিয়ে বিরাট নারীসমস্যার মীমাংসা হতে পারে'—পারিবারিক নারীর জীবনের সমস্যাগুলি বিবৃত করো এবং আর্থিক স্বাবলম্বন দিয়ে সেই সমস্যাগুলির মীমাংসা কীভাবে সম্ভব আলোচনা করো।

*অথবা*

'আমাদের ভাষা-সংকট' প্রবন্ধে শ্রীযুক্ত বারীন্দ্রকুমার ঘোষের অভিযোগটির সত্যতা বিচার করো এবং তাঁর মতে যেটি সংকট তা প্রকৃত ভাষা-সংকট কি না বিশ্লেষণ করো।

(খ) 'যা শ্রেষ্ঠ কাব্য তার প্রকৃতিই হচ্ছে বাচ্যকে ছাড়িয়ে যাওয়া'—উপযুক্ত দৃষ্টান্ত দিয়ে বক্তব্যটি ব্যাখ্যা করে লেখো।

*অথবা*

বিভাব-অনুভাব-সঞ্চারীভাব যোগে রসের নিষ্পত্তি হয়—বিশ্লেষণ করে লেখো।

---

# B.A. 5th Semester (Honours) Examination, 2022 (CBCS)

## বিষয় : বাংলা (সাম্মানিক)

## Course : CC-XII

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

২×১০=২০

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও।

(ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'লোকশিক্ষা' প্রবন্ধটি কত বঙ্গাব্দে কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(খ) 'বাঙালির ওড়ানো বিদ্রোহের দুটি লাল পতাকা আজ-ও আমাদের সাহিত্য গগনে জ্বলজ্বল করছে'—দুটি লাল পতাকা বলতে লেখক কী বুঝিয়েছেন?

(গ) 'দুই দিকে দুটো বড়ো জাতির প্রাণের কথা, মাঝে একটি দল-বিশেষের স্বপ্ন'—এই বিশেষ দল কারা? তাদের স্বপ্ন-ই বা কী বুঝিয়ে দাও।

(ঘ) 'উপন্যাসের পূর্বসূচনা' প্রবন্ধে শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় কোন গুণকে ভাবী ঔপন্যাসিকের প্রথম গুণ বলে চিহ্নিত করেছেন?

(ঙ) 'পারিবারিক নারীসমস্যা' প্রবন্ধে উল্লিখিত নোরা চরিত্রটি কোন নাট্যকারের কোন নাটকের চরিত্র?

(চ) 'ভারতবর্ষের কোন প্রদেশেই বাঙলার মতন রক্তের মিশ্রণ হয়নি'—বাঙালির রক্তে কোন কোন রক্তের মিশ্রণ আছে তা প্রাবন্ধিকের অভিমত অনুসরণ করে লেখো।

(ছ) 'এটুকু যে হচ্ছে, তার-ই জন্য ধন্যবাদ ক্লাইভ স্ট্রিটকে'—লেখক কেন ক্লাইভ স্ট্রিটকে ধন্যবাদ জানিয়েছেন?

(জ) ভাব ও রসের মধ্যে পার্থক্য কী?

(ঝ) 'অলংকার' বলতে বামন কী বুঝিয়েছিলেন?

(ঞ) বামনের রীতিবাদের দোষ সর্বপ্রথম কোন আলংকারিক দেখান? তাঁর বক্তব্য কী ছিল?

(ট) অনুভাব কাকে বলে?

(ঠ) বাসনালোক কী?

(ড) ধ্বন্যালোক গ্রন্থের টীকাটির নাম কী? টীকাটি কে রচনা করেন?

(ঢ) অলংকারশাস্ত্রে শব্দার্থতত্ত্বের প্রবক্তা কে? এ প্রসঙ্গে তাঁর মতটি কী?

(ণ) 'বৃত্তি' ও 'কারিকা' বলতে কী বোঝো?

(ঘ) 'ফসিল' একটি প্রখর শ্রেণিচেতনার গল্প—এই বক্তব্যের সঙ্গে তুমি একমত কি না যুক্তিসহ লেখো।

(ঙ) 'জলসাঘর' গল্পে ক্ষয়িষ্ণু সামন্ততন্ত্রের ট্র্যাজিক পরিণাম গল্পকার বড়ো সকরুণ দৃষ্টিতে এঁকেছেন—আলোচনা করো।

(চ) 'ভেবেছিলাম' ছোটোগল্প হিসেবে অভিনব—বক্তব্যটির সঙ্গে তুমি কি একমত—যুক্তিসহ লেখো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) সেকালের পুরুষশাসিত সমাজব্যবস্থা ও পরিবারতন্ত্রের বিরুদ্ধে 'স্ত্রীর পত্র' ছিল এক জ্বলন্ত প্রতিবাদের আখ্যান—আলোচনা করো।

(খ) প্রকৃতি ও মানুষের নিগূঢ় ও আত্মিক সহাবস্থান রবীন্দ্রনাথের একজাতীয় গল্পের প্রধান উপজীব্য বিষয়—পাঠ্য কয়েকটি গল্প অবলম্বনে বক্তব্যটির সপক্ষে যুক্তি উপস্থাপন করো।

(গ) 'আদাব' গল্পটি জাতি-ধর্মের ভেদাভেদের উর্ধ্বে চিরন্তন মানবতার জয়গান—মন্তব্যটির সপক্ষে যুক্তিসহ আলোচনা করো।

(ঘ) 'প্রাগৈতিহাসিক' গল্পে ফুটে ওঠা ভিখু ও পাঁচীর জীবনসংগ্রামের ছবি সমকালীন বাংলা সাহিত্যের প্রেক্ষিতে সত্যিই ছিল অভিনব—আলোচনা করো।

———

Sem — V



# B.A. 5th Semester (Honours) Examination, 2022 (CBCS)

## বিষয় : বাংলা (সাম্মানিক)

## Course : CC-XI

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

১। নিম্নলিখিত *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) 'কঙ্কাল' গল্পে নায়িকার নাম কী ছিল? গল্পটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

(খ) 'পোস্টমাস্টার' গল্পের কাহিনির গ্রামের নাম কী? রতনের বয়স কত?

(গ) 'একরাত্রি' গল্পের নায়ক কোন রাজনৈতিক নেতার আদর্শে নিজের জীবন গড়ে তুলতে চেয়েছিল?

(ঘ) 'স্ত্রীর পত্র' কোন পত্রিকায় কোন সংখ্যায় প্রকাশিত হয়?

(ঙ) 'মেঘ ও রৌদ্র' গল্পের নায়িকার নাম কী?

(চ) 'ল্যাবরেটরি' গল্পটি কোন গল্প-সংকলনের অন্তর্ভুক্ত? এটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

(ছ) 'অতিথি' গল্পটি কোন পত্রিকায় কবে প্রকাশিত হয়?

(জ) 'রস' গল্পের দুজন নারীচরিত্রের নাম উল্লেখ করো।

(ঝ) 'পুঁইমাচা' প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়? মূল গল্পগ্রন্থটির নাম কী?

(ঞ) 'প্রাগৈতিহাসিক' গল্পে ভিখুর প্রতিদ্বন্দ্বী ভিখারি চরিত্রটির সম্পর্কে একটি বাক্যে পরিচয় দাও।

(ট) 'টোপ' গল্পে কাকে টোপ বানানো হয়েছিল?

(ঠ) 'জলসাঘর' গল্পের বিশ্বম্ভরবাবুর চাকরের পরিচয় দাও।

(ড) 'ফসিল' গল্প কোন পত্রিকায় প্রকাশিত হয়? গল্পের স্থাননাম কী?

(ঢ) 'আদাব' গল্পের প্রধান দুই চরিত্রের নাম-পরিচয় উল্লেখ করো।

(ণ) 'সাঁঝ সকালের মা' গল্পটি মহাশ্বেতা দেবীর কোন গল্প সংকলনে আছে? ঐ গল্প সংকলনটির প্রকাশকাল লেখো।

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'অতিথি' গল্পটির নামকরণের তাৎপর্য বিচার করো।

(খ) 'ল্যাবরেটরি' গল্পে ইউরোপীয় সায়ান্স একটি গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে—মন্তব্যটির পক্ষে যুক্তি দাও।

(গ) 'নিশীথে' গল্পটি অতিপ্রাকৃত গল্প কি না, সে বিষয়ে তোমার যুক্তি উপস্থাপন করো।